# উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব পান্না আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
তারিখ ঃ ০৯/০৩/২০২৬ খ্রিষ্টাব্দ,
সময় ঃ বেলাঃ ১০:০০ ঘটিকা।

**উপস্থিতি ঃ পরিশিষ্ট-ক এ দেখানো হলো ।**

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি এবং উপজেলা কৃষি অফিসার আলমডাঙ্গা সভায় জানান যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে কৃষি মন্ত্রণালয় উপকরন-২ শাখার জিও নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৯.২১.৪১ তারিখ-২৮/০১/২০২৬ খ্রিঃ মোতবেক খরিপ মৌসুমে পাট ফসল উৎপাদন বৃদ্ধির জন্য কৃষি প্রণোদনা কর্মসূচীর সরকারী আদেশ জারী করা হয়েছে। পত্রানুযায়ী কর্মসূচীর প্রকৃত সুফল পাওয়ার জন্য দ্রুত কার্যক্রম বাস্তবায়ন করার নির্দেশনা রয়েছে।
২০২৫-২০২৬ অর্থ বছরে খরিপ মৌসুমে প্রণোদনা কর্মসূচীর আওতায় ৬০০ জন উপকারভোগী কৃষককে এক বিঘা জমির জন্য ০১ কেজি পাট বীজ, ০৫ কেজি ডিএপি, ০৫ কেজি এমওপি সার সহায়তা পাবেন । সভায় উপস্থিত সকল সদস্য বর্ণিত বিষয়ে আলোচনায় অংশগ্রহণ করেন। অতঃপর সভায় বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্রঃনং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **কর্মসূচী বাস্তবায়ন ও ইউনিয়ন ভিত্তিক বিভাজন ঃ**<br>কৃষি মন্ত্রণালয় উপকরণ-২ শাখার জিও অনুযায়ী এর বাস্তবায়ন পদ্ধতি ও নীতিমালার আলোকে ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA' ২০০৬ ও PPR'২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।<br>আলমডাঙ্গা উপজেলার ৬০০ জন উপকারভোগী কৃষকদের মাঝে পাট বীজ ও রাসায়নিক সার বিতরণ প্রণোদনা কর্মসূচী গ্রহন করা হয়েছে। ইউনিয়ন ভিত্তিক জনসংখ্যা বিবেচনা ও আবাদি জমির লক্ষ্যমাত্রা অনুযায়ী ইউনিয়নওয়ারী সহায়তা প্রাপ্য কৃষকের সংখ্যা বিভাজন-ক এ দেখানো হলো। | জেলা হতে প্রাপ্ত বরাদ্দ নীতিমালা অনুযায়ী আবাদী এলাকা, জমির উপযোগীতা ও জনসংখ্যা এর উপর ভিত্তি করে সকল সদস্যবৃন্দের সম্মতিক্রমে ইউনিয়ন ভিত্তিক বিভাজন করা হয়। বিভাজনপত্র "ক" এ দেখানো হলো। | উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি এবং উপ সহকারী কৃষি কর্মকর্তা। |
| ০২ | **কৃষক নির্বাচন ও তালিকা অনুমোদনঃ**<br>• পাট বীজ ও রাসায়নিক সার বিতরণ কৃষি প্রণোদনা কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তা কৃষক নির্বাচন এবং অগ্রাধিকার তালিকা প্রস্তুত করবেন। উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি অগ্রাধিকার তালিকা অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে নীতিমালা অনুযায়ী বাস্তবায়ন করবেন।<br>• খরিপ মৌসুমে কর্মসূচীর অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত প্রতি কৃষক এক বিঘা জমির জন্য ০১ কেজি পাট বীজ, ০৫ কেজি ডিএপি, ০৫ কেজি এমওপি সার সহায়তা পাবেন । একজন চাষী পরিবারকে একটির বেশি প্রণোদনা সহায়তা প্রদান করা যাবে না। কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত অনুমোদনের পর বাস্তবায়ন পদ্ধতিতে প্রদত্ত **"কৃষক তথ্য ছক"** পূরণ করে উপজেলা কৃষি অফিসারের স্বাক্ষরের পর উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বেই উপপরিচালক বরাবর প্রেরণ করতে হবে। | কর্মসূচী যথাযথ বাস্তবায়নের স্বার্থে সংশ্লিষ্ট ইউনিয়নের উপ সহকারী কৃষি কর্মকর্তা কৃষক নির্বাচন করবেন। ইউনিয়নে প্রস্তুতকৃত কৃষক তালিকা উপজেলা কমিটির অনুমোদনের জন্য আগামী ১৬/০৩/২০২৬ তারিখের মধ্যে জমাদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি এবং উপ সহকারী কৃষি কর্মকর্তা। |

| | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০৩ | **উপকরন সংগ্রহ ঃ** সকল প্রকার ব্যয় ও সমন্বয় আর্থিক বিধি বিধান অনুসরণ করে বাস্তবায়ন করতে হবে। কর্মসূচীর বীজ বিএডিসির উপজেলাস্থ/নিকটবর্তী গুদাম থেকে বিধি মোতাবেক ক্রয় করতে হবে। যদি প্রয়োজনীয় বীজ বিএডিসি হতে না পাওয়া যায় সেক্ষেত্রে বিএডিসি'র না দাবী প্রত্যয়ন গ্রহণ সাপেক্ষে বাইরে থেকে বীজ সংগ্রহ করা যাবে। সে ক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষের পরামর্শক্রমে প্রচলিত আর্থিক বিধি মোতাবেক প্রতিষ্ঠিত বেসরকারি প্রতিষ্ঠান/আমদানীকারক/ব্যবসায়ীর নিকট হতে ক্রয় করতে হবে। কোন অবস্থাতেই কর্মসূচীর বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত টাকা ব্যয় করা যাবে না। | নীতিমালা অনুযায়ী কর্মসূচীর আওতায় বিএডিসির নিকটবর্তী গুদাম থেকে বিধি মোতাবেক বীজ সংগ্রহ করে উপজেলা সদর হতে বিতরণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি। |
| ০৪ | **উপকরণ বিতরণ পদ্ধতি ঃ** সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তা এ কর্মসূচীর জন্য মনোনীত প্রত্যেক কৃষকের ষ্ট্যাম্প সাইজের ছবিযুক্ত কৃষি কার্ডের ভর্তুকি অংশে যথাযথ উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণ পূর্বক উপকরণ বিতরণ করা হবে। মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহনকারী কৃষকের ষ্ট্যাম্প সাইজের ছবি ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। কোন কৃষকের উপকরণ কার্ড নাই সেক্ষেত্রে মাস্টাররোলে কৃষকের নাম, ঠিকানা, মোবাইল নং, জাতীয় পরিচয় নং (যদি থাকে), ষ্ট্যাম্প সাইজের ছবি সংযুক্তকরণপূর্বক মাস্টাররোলে সংযুক্ত করতে হবে।<br><br>মাস্টার রোলে উপকরন গ্রহনকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপসহকারী কৃষি কর্মকর্তা এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি কর্মকর্তা যাচাইপূর্বক এতে প্রতিস্বাক্ষর করবেন।<br><br>কর্মসূচির সকল উপকরণ উপজেলা সদর দপ্তর হতে বিতরণ করতে হবে। সকল উপকরণ কৃষক নিজে গ্রহন করবেন। কোন অবস্থাতেই কৃষক ছাড়া অন্য কাউকে উপকরণ প্রদান করা যাবে না বা একজনের উপকরণ অন্য কাউকে প্রদান করা যাবে না। | নীতিমালা অনুযায়ী উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতিক্রমে বীজ সংগ্রহ করে উপজেলা সদর দপ্তর হতে বিতরণ করা হবে। উপ সহকারী কৃষি কর্মকর্তা এ কর্মসূচীর জন্য মনোনীত প্রত্যেক কৃষকের ষ্ট্যাম্প সাইজের ছবিযুক্ত কৃষি কার্ডের ভর্তুকী অংশে যথাযথ উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণ পূর্বক উপকরণ বিতরণসহ যাবতীয় কাজে উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটিকে সহযোগীতা করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি এবং উপ সহকারী কৃষি কর্মকর্তা। |
| ০৫ | খরিপ মৌসুমে প্রণোদনার বীজ , সার ও পরিবহণ ব্যয় বাবদ কৃষি পুনর্বাসন সহায়তার অর্থ খরচের লক্ষ্যে একটি উপ কমিটি গঠনের প্রস্তাব গৃহীত হয় এবং কমিটির অনুমোদন দেওয়া হয় ।<br><br>কমিটি নিম্নরুপঃ<br><br>১। উপজেলা কৃষি অফিসার, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা । ঃ- আহবায়ক<br>২। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা । ঃ- সদস্য<br>৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা । ঃ- সদস্য | বিভাজন "ক" ২০২৫-২০২৬ অর্থ বছরের খরিপ মৌসুমে পাট ফসল উৎপাদন বৃদ্ধির নিমিত্তে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার সহায়তা কৃষি প্রনোদনা কর্মসূচী বর্ণিত কমিটিকে কোটেশন সংক্রান্ত ও যাবতীয় কার্যাদি সম্পাদন করা এবং সরকারী বিধি মোতাবেক আর্থিক ব্যয়ভার মেটানোসহ যাবতীয় খরচের ক্ষমতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন উপ কমিটি । |
| ০৬ | খরিপ মৌসুমে প্রণোদনার বীজের অঙ্কুরোদগম মান ও বিশুদ্ধতা পরীক্ষার লক্ষ্যে একটি উপ কমিটি গঠনের প্রস্তাব গৃহীত হয় এবং কমিটির অনুমোদন দেওয়া হয় ।<br><br>কমিটি নিম্নরুপঃ<br><br>১। অতিরিক্ত উপপরিচালক(উদ্যান), ডিএই, চুয়াডাঙ্গা । ঃ- আহবায়ক<br>২। বহীরাঙ্গন অফিসার, জেলা বীজ প্রত্যয়ন এজেন্সি, চুয়াডাঙ্গা । ঃ- সদস্য<br>৩। কৃষি সম্প্রসারণ অফিসার, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা । ঃ- সদস্য সচিব | ২০২৫-২০২৬ অর্থ বছরের খরিপ মৌসুমে প্রণোদনার পাট বীজের অঙ্কুরোদগম মান ও বিশুদ্ধতা পরীক্ষার লক্ষ্যে একটি উপ কমিটি গঠনের বিষয়ে সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন উপ কমিটি । |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৯/০৩/২৫

(পান্না আক্তার)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

## উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
## আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

২০২৫-২০২৬ অর্থ বছরে খরিপ/২০২৫-২৬ মৌসুমে পাট ফসলের উৎপাদন বৃদ্ধির জন্য ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার সহায়তা কৃষি প্রণোদনা কর্মসুচীর ইউনিয়ন ভিত্তিক বিভাজনঃ

| ক্রম | ইউনিয়ন | কর্মসূচীর লক্ষ্যমাত্রা (জন) | ক্রম | ইউনিয়ন | কর্মসূচীর লক্ষ্যমাত্রা (জন) |
|---|---|---|---|---|---|
| ০১ | ভাংবাড়িয়া | ৪০ | ০৯ | ডাউকি | ৩০ |
| ০২ | হারদী | ৫০ | ১০ | জামজামি | ৪০ |
| ০৩ | কুমারী | ৪০ | ১১ | নাগদাহ | ৪০ |
| ০৪ | বাড়াদি | ৫০ | ১২ | খাসকররা | ৪০ |
| ০৫ | গাংনী | ৪০ | ১৩ | কালিদাসপুর | ৪০ |
| ০৬ | খাদিমপুর | ৪০ | ১৪ | চিৎলা | ৩০ |
| ০৭ | জেহালা | ৪০ | ১৫ | আইলহাস | ৩০ |
| ০৮ | বেলগাছি | ৩০ | ১৬ | পৌরসভা | ২০ |
| | মোটঃ | ৩৩০ | | মোটঃ | ২৭০ |
| সর্বমোটঃ- (৩৩০+২৭০) = ৬০০ জন। | | | | | |

০৯/০৩/২০২৬
(মোঃ মাসুদ হোসেন পলাশ)
উপজেলা কৃষি অফিসার
আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

০৯/০৩/২৬
(পান্না আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার
আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা কৃষি অফিসারের কার্যালয়**
**আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।**
**ইমেলঃ uao.alamdanga@gmail.com**

স্মারক নং ঃ ১২.১৮.১৮০৭.০৪১.০০৩.০০১.২৬/২৪২ (৫২)

তারিখ ঃ ০৯/০৩/২০২৬ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরন করা হল (জৈষ্ঠ্যতার ভিত্তিতে নহে)ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ৭৯ (চুয়াডাঙ্গা-০১) ও উপদেষ্টা, কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
০২। জেলা প্রসাশক ও সভাপতি, কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, চুয়াডাঙ্গা।
০৩। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, চুয়াডাঙ্গা।
০৪-০৮। ................................................, আলমডাঙ্গা, সদস্য উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি।
০৯-৫২। উপ সহকারী কৃষি অফিসার (সকল), অত্র দপ্তর।

০৯/০৩/২০২৬
(মোঃ মাসুদ হোসেন পলাশ)
উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব